

## সংবাদ পরিক্রমা মার্চ

১৫ মার্চ ২০২০

মুজিববর্ষের উদ্বোধনী আয়োজনে সাংস্কৃতিক পরিবেশনার মহড়া চলছে



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে উদ্বোধনী আয়োজনের সাংস্কৃতিক পরিবেশনার চূড়ান্ত মহড়া চলছে। জাতীয় বাস্তবায়ন কমিটির উদ্যোগে ১৭ মার্চ ২০২০ আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে ‘শতাব্দীর মহানায়ক’ শিরোনামে ৪৫মিনিটের থিয়েট্রিক্যাল কোরিওগ্রাফি পরিবেশিত হবে।

সহস্রাধিক শিল্পী ও কলাকুশলীর অংশগ্রহণে প্রযোজনাটির গবেষণা, গ্রন্থনা ও নির্দেশনা দিচ্ছেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক ঋত্বিক নাট্যপ্রাণ লিয়াকত আলী লাকী। বাংলাদেশ শিল্পকলা একাডেমির ব্যবস্থাপনায় খ্যাতিমান দেশী বিদেশী শিল্পীদের নির্দেশনায় থিয়েট্রিক্যাল কোরিওগ্রাফীটি নির্মাণের জন্য দুইমাস যাবৎ মহড়া করছে প্রায় এক হাজার শিল্পী ও কলাকুশলী। প্রযোজনাটির উপদেষ্টা হিসেবে আছেন জাতীয় অধ্যাপক ড. রফিকুল ইসলাম, আসাদুজ্জামান নূর এমপি এবং ড. কামাল আবদুল নাসের চৌধুরী।

প্রযোজনাটিতে খোকা থেকে বঙ্গবন্ধু, নেতা থেকে জাতির পিতা, কর্মী থেকে রাজনীতির কবি, জননেতা থেকে বিশ্বনেতা, শৈশব কৈশোর যৌবনের সংগ্রামী ও প্রতিবাদী মুজিব, তেইশ বছরের করুণ ইতিহাস: ৩০৫৩ দিনের কারাবাস এবং স্বাধীনতার স্বপ্ন, দেশ গড়ার সংগ্রামে বঙ্গবন্ধুর চেতনাদীপ্ত সুর, বাণী ও ছন্দের নিখুত গাঁথুনিতে সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন, সংগ্রাম ও আদর্শকে ফুটিয়ে তোলা হয়েছে।

সাংস্কৃতিক পরিবেশনার মধ্যে আরো থাকছে শত শিল্পীর যন্ত্রসংগীত পরিবেশনা, শত শিশুর কণ্ঠে জাতীয় সঙ্গীত, শিশুসঙ্গীত ‘ধন্য মুজিব ধন্য’ গান শত শিল্পীর কণ্ঠে জন্মশতবর্ষের থিম সংসহ বর্ণাঢ্য আয়োজন।

## সংবাদ পরিক্রমা এপ্রিল

১৩ এপ্রিল ২০২০

বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক হিসেবে লিয়াকত আলী লাকী'কে  
নিয়োগ প্রদান করে প্রজ্ঞাপন জারি।



বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক হিসেবে লিয়াকত আলী লাকী'কে নিয়োগ প্রদান করে প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। ১৩ এপ্রিল ২০২০ বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব মো. অলিউর রহমান স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

এর আগে, ২০১১ সালের ১০ এপ্রিল থেকে লিয়াকত আলী লাকী বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। ১০ এপ্রিল ২০২০ তার চুক্তির মেয়াদ শেষ হলে আগামী তিন বছরের জন্য পুনরায় নিয়োগ প্রদান করা হয়।

নাট্যজন লিয়াকত আলী লাকী ১৯৫৭ সালের ১৩ জানুয়ারি ঢাকার নবাবগঞ্জ উপজেলার আগলা টিকরপুর গ্রামে জন্মগ্রহণ করেন। সঙ্গীতের প্রতি অনুরাগ থেকে তিনি বুলবুল ললিতকলা একাডেমি থেকে উচ্চাঙ্গ সঙ্গীতে ৫ বছরের সার্টিফিকেট কোর্সও করেছেন। নাট্যকলায় অবদানের জন্য লিয়াকত আলী লাকী ২০১৯ সালে একুশে পদক লাভ করেছেন।


মে

শোক বার্তা

১৪ মে ২০২০

জাতীয় অধ্যাপক আনিসুজ্জামান এর মৃত্যুতে  
বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালকের শোক

জাতীয় অধ্যাপক আনিসুজ্জামান এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকী।



বাংলাদেশ শিল্পকলা একাডেমি  
Bangladesh Shilpakala Academy  
সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০

মহাপরিচালক এক শোকবার্তায় মরহমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন ও শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

শোকবার্তায় মহাপরিচালক জানান, 'তিনি আমাদের জাতীয় চেতনার বাতিঘর হিসেবে কাজ করেছেন। আমাদের সকল আন্দোলন সংগ্রামে তিনি সাহস ও শক্তি যোগিয়েছেন। বাংলাদেশের শিক্ষা ও সংস্কৃতি ক্ষেত্রে জাতীয় অধ্যাপক আনিসুজ্জামান ছিলেন এক উজ্জ্বল নক্ষত্র। শিক্ষা ও সংস্কৃতি প্রসারে তাঁর রয়েছে অনবদ্য ভূমিকা। তাঁর মত একজন গুণী শিক্ষাবিদে মৃত্যু দেশ ও জাতির জন্য এক অপূরণীয় ক্ষতি।'

উল্লেখ্য, জাতীয় অধ্যাপক আনিসুজ্জামান (৮৪) আজ বিকালে রাজধানীর সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসাধীন

অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

## সংবাদ পরিক্রমা

২১ জুন ২০২০

২১ জুন বিশ্ব সংগীত দিবস। বিশ্ব সংগীত দিবস ২০২০ উপলক্ষে আজ ২১ জুন ২০২০ তারিখ বিকাল ৫টায় বাংলাদেশ শিল্পকলা একাডেমি আয়োজন করেছে অনলাইন ভিত্তিক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। বিশিষ্ট কণ্ঠশিল্পী সালমা আকবরের সঞ্চালনায় স্বাগত বক্তব্য প্রদান করেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক বিশিষ্ট নাট্যজন লিয়াকত আলী লাকী।

মূল বক্তব্য উপস্থাপন করেন সংগীত শিল্পী ও গবেষক ড. সাইম রানা, বক্তব্য প্রদান করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগের চেয়ারম্যান ও সংগীত পরিচালক ড. রেজোয়ান আলী লাভলু, সরকারী সংগীত মহাবিদ্যালয়ের অধ্যক্ষ কৃষ্টি হেফাজ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগের চেয়ারম্যান টুম্পা সমাদ্দার, বিশিষ্ট উচ্চাঙ্গ সংগীত শিল্পী রিনাত ফোজিয়া, বাংলাদেশ মিউজিশিয়ান ফাউন্ডেশনের সভাপতি ও বিশিষ্ট সংগীতশিল্পী গাজী আব্দুল হাকিম।

এছাড়াও আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিশিষ্ট কণ্ঠশিল্পী মোঃ রফিকুল আলম, বিশিষ্ট কণ্ঠশিল্পী সাজেদ আকবর, আবিদা সুলতানা, ইয়াসমিন মুশতারী, শুব্রদেব, ইয়াসমিন আলী, তানভীর আলম সজীব, বিলিক, হৈমন্তী রক্ষিত, ইউসুফ খান ও স্মরণ। সবশেষে অনলাইনে উপস্থিত সকলে সম্মিলিতভাবে ‘আলো আমার আলো ওগো আলো ভুবন ভরা’ গানের সাথে অনুষ্ঠানের সমাপ্তি হয়।